# এসএসসি পরীক্ষা ২০২০ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

## অর্থনীতি

বিষয় কোড: | ১ | ৪ | ১ |

## সৃজনশীল প্রশ্ন

সময়-২ ঘণ্টা ৩০ মিনিট — পূর্ণমান — ৭০

*[দ্রষ্টব্য :- দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যে কোনো সাতটি প্রশ্নের উত্তর দাও। প্রত্যেক প্রশ্নের মান ১০।]*

১.▶ নিলয় টেলিভিশনে আফ্রিকার একটি দেশের প্রতিবেদন দেখছিল। সেখানে মানুষের জীবন-ধারণের প্রধান অবলম্বন কৃষি। তাই মৌসুমি বেকারত্বের প্রকোপ বেশি। তখন সে নিজের দেশের কথাও চিন্তা করল। কারণ তার দেশটিও কৃষিনির্ভর। এছাড়া আফ্রিকার দেশটিতে অনুন্নত যোগাযোগ ব্যবস্থাও দেশটিকে পিছিয়ে রেখেছে। কিন্তু নিলয়ের দেশ একটু উন্নত।

ক. মানব সম্পদ কাকে বলে? ১

খ. দারিদ্র্যের দুষ্টচক্র বলতে কী বোঝায়? ব্যাখ্যা করো। ২

গ. নিলয়ের দেখা আফ্রিকার দেশটি উন্নয়নের মাপকাঠিতে কোন ধরনের দেশ? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকের দুটি দেশের মধ্যে তুলনামূলক বিশ্লেষণ করো। ৪

২.▶

| X অর্থ ব্যবস্থা | Y অর্থ ব্যবস্থা |
|---|---|
| সম্পদের ব্যক্তিগত মালিকানা<br>ব্যক্তিগত উদ্যোগ | সম্পদের রাষ্ট্রীয় মালিকানা<br>কেন্দ্রীয় পরিকল্পনা |


ক. ভূমিবাদিদের মতে অনুৎপাদনশীল খাত কোনটি? ১

খ. সুযোগ ব্যয় ধারণাটি ব্যাখ্যা করো। ২


গ. উদ্দীপকে Y অর্থব্যবস্থা কোন ধরনের অর্থব্যবস্থা? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে X ও Y দেশের অর্থব্যবস্থার তুলনামূলক বিশ্লেষণ করো। ৪

৩.▶




১ম বিক্রেতা




২য় বিক্রেতা

https://teachingbd24.com

ক. ভূমি কাকে বলে? ১
খ. প্রান্তিক উৎপাদন কী? ২
গ. প্রদত্ত চিত্রের পণ্যটির মোট বাজার যোগান পরিমাপ করো। ৩
ঘ. উক্ত পণ্যটির বাজার যোগান রেখা অংকন করে ব্যাখ্যা দাও। ৪

৪.▶

| দ্রব্যের একক | মোট উপযোগ (টাকায়) | প্রান্তি উপযোগ (টাকায়) |
|---|---|---|
| ১ম | ৪ | ৪ |
| ২য় | ৭ | ৩ |
| ৩য় | ৯ | ২ |
| ৪র্থ | ১০ | ১ |
| ৫ম | ১০ | ০ |

ক. ভোক্তা কাকে বলে? ১
খ. মোট উপযোগ ও প্রান্তিক উপযোগের মধ্যে ২টি পার্থক্য লেখো। ২
গ. উদ্দীপকের সূচি অনুযায়ী কোন বিধিটি প্রকাশ পায়? সূচিটি রেখা চিত্রের মাধ্যমে প্রকাশ করে ব্যাখ্যা করো। ৩
ঘ. উক্ত বিধিটি কি সবসময় কার্যকর বলে তুমি মনে করো? উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৫.▶ রুমি স্থানীয় একটি হাসপাতালে নার্সের কাজ করে। সারাদিন হাসপাতালে কাজ শেষ করে বাড়ির সব কাজ তাকেই দেখাশোনা করতে হয়। তার ৪ বছরের একটি মেয়ে শিশুকে সেই দেখাশোনা করে এবং তার পড়াশোনাও তাকে দেখতে হয়।

ক. অর্থনৈতিক দ্রব্য কাকে বলে? ১
খ. সুযোগ ব্যয় ধারণাটি ব্যাখ্যা করো। ২
গ. রুমি উক্ত কাজটি অর্থনীতির পরিভাষায় কোন ধরনের কাজ? ব্যাখ্যা করো। ৩
ঘ. রুমির ঘরের ও বাইরের কাজের মধ্যে কোন পার্থক্য পরিলক্ষিত হয় কি? উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৬.▶ সিলেটে জব্বার বাঁশ ও বেত দিয়ে সুন্দর সুন্দর জিনিস তৈরি করে বাজারে বিক্রি করে। তার এই কাজে পরিবারের সবাই সহযোগিতা করে। তার এই দ্রব্যের চাহিদা স্থানীয় বাজার ছাড়িয়ে শহরেও ছড়িয়ে পড়েছে। সে এখন একটি দোকান দেবার চিন্তা করছে। দেশের বাইরেও তার এই দ্রব্যের চাহিদা রয়েছে।

https://teachingbd24.com

ক. বাংলাদেশের অর্থনীতির প্রধান খাত কয়টি? ১
খ. শিল্পখাত কৃষিখাতের উপর নির্ভরশীল কেন? ব্যাখ্যা করো। ২
গ. জব্বারের তৈরিকৃত শিল্পটি কোন ধরনের শিল্প? ব্যাখ্যা দাও। ৩
ঘ. 'উক্ত শিল্পটি জব্বারের সাথে সাথে দেশের অর্থনৈতিক উন্নয়নেও ভূমিকা রাখছে।' বিশ্লেষণ করো। ৪

৭.▶ ইলা সব সময় একটি নির্দিষ্ট ব্রান্ডের পারফিউম ব্যবহার করে। সে দোকানে গিয়ে দেখতে পেল পারফিউমটির দাম বেড়ে গেছে। দোকানি তখন বলল যে, মাত্র একটি কোম্পানি পারফিউমটি উৎপাদন করে তাই তারা দাম বাড়ালে আর কিছু করার নেই। ইলা নিরুপায় হয়ে উচ্চদামে পারফিউমটি ক্রয় করে।

ক. ফার্ম কাকে বলে? ১
খ. উপকরণ বাজার বলতে কি বোঝায়? ব্যাখ্যা করো। ২
গ. ইলার ক্রয়কৃত পণ্যটি কোন বাজারের? ব্যাখ্যা করো। ৩
ঘ. উদ্দীপকের পণ্যটির দাম নির্ধারণ করে বিক্রেতা তুমি কি একমত? পাঠ্যবইয়ের আলোকে মতামত দাও। ৪

৮.▶

| প্রতি একক পণ্যের দাম (টাকা) | চাহিদার পরিমাণ (একক) |
|---|---|
| ২ | ২০ |
| ৪ | ১৫ |
| ৬ | ১০ |
| ৮ | ৫ |

ক. চাহিদা কী? ১
খ. চাহিদাবিধি কী? ব্যাখ্যা করো। ২
গ. উদ্দীপকে উল্লিখিত চাহিদা সূচি থেকে একটি চাহিদা রেখা অংকন করে ব্যাখ্যা করো। ৩
ঘ. গ নং প্রশ্নের প্রাপ্ত চাহিদা রেখা ঢাল কোন দিকে নিম্নগামী এবং কেন? ব্যাখ্যা করো। ৪

৯.▶ কবির একজন ক্ষুদ্র ব্যবসায়ী। সে প্রতি মাসে তার মুনাফার কিছু টাকা ব্যাংকে রাখে। তার প্রয়োজনে সেই ব্যাংক থেকে ঋণও গ্রহণ করে। মাঝে মাঝে ব্যবসায়িক প্রয়োজনে তাকে বৈদেশিক বাণিজ্যের জন্য ব্যাংকের

https://teachingbd24.com

শরণাপন্ন হতে হয়। ব্যাংক তখন তার দেনা-পাওনা নিষ্পত্তি করে। কবির মনে করে দেশের উন্নয়নে ব্যাংকের ভূমিকা অপরিসীম।

ক. বিহিত অর্থ কাকে বলে? ১

খ. কেন্দ্রীয় ব্যাংক কীভাবে সর্বশেষ ঋণদাতা হিসেবে কাজ করে? ব্যাখ্যা করো। ২

গ. কবিরের ব্যাংকটি কোন ধরনের ব্যাংক? ব্যাখ্যা করো। ৩

ঘ. উক্ত ব্যাংকটি দেশের সমষ্টিগত উন্নয়নে ভূমিকা রাখছে উক্তিটি বিশ্লেষণ করো। ৪

১০.▶ রফিক X দ্রব্য উৎপাদন করে। X দ্রব্যের বাজারে অসংখ্য ক্রেতা ও বিক্রেতা আছে। নিচে X দ্রব্যের চাহিদা ও যোগান দেয়া হলো:

| দাম | চাহিদা | যোগান |
|---|---|---|
| ৩০ | ১০০ | ৩০০ |
| ২০ | ২০০ | ২০০ |
| ১০ | ৩০০ | ১০০ |

ক. ভোগ কাকে বলে? ১

খ. বাজার চাহিদা রেখা বলতে কী বোঝায়? ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে উল্লিখিত সূচি অবলম্বনে X দ্রব্যের দাম নির্ধারণ প্রক্রিয়া ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে X দ্রব্যের বাজারের ধরন ব্যাখ্যাপূর্বক মতামত দাও। ৪

১১.▶ জমিলা ও তার মেয়ে অনেক সুন্দর নকশী কাঁথা তৈরি করে। কিন্তু গ্রামের তেমন কোন চাহিদা নেই। স্থানয়ি একজনের পরামর্শে জমিলার বানানো নকশী কাঁথা শহরের একটি মেলায় প্রদর্শিত হলে এর কদর বেড়ে যায় জমিলা এখন স্থানয়ি একটি ঋণ সংস্থা থেকে ঋণ নিয়ে তার কাজের পরিধি বৃদ্ধি করতে পেরে স্বাবলম্বী।

ক. উৎপাদন কাকে বলে? ১

খ. প্রকৃত উৎপাদন ব্যয় বলতে কী বোঝায়? ব্যাখ্যা করো। ২

গ. জলির কাজটিতে কোন ধরনের উৎপাদন সৃষ্টি করেছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. 'জমিলার মত গ্রামীণ অসহায় মহিলাদের স্বাবলম্বী হওয়াতে উক্ত ঋণ সংস্থার কার্যক্রম অনস্বীকার্য- উক্তিটি বিশ্লেষণ করো। ৪

Teachingbd24.com

সময় — ৩০ মিনিট পূর্ণমান — ৩০

## বহুনির্বাচনি অভীক্ষা

বিষয় কোড: | ১ | ৪ | ১ |

*[দ্রষ্টব্য: সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি (●) বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১।]*

১. 'অর্থনীতি মানব জীবনের সাধারণ কার্যাবলি আলোচনা করে'— উক্তিটি কার?
ⓚ রবিন্সের ⓚ স্মিথের
ⓖ স্যামুয়েলসনের ⓖ মার্শালের

২. যেসব সম্পদ বিশেষ কোন দেশের মালিকানাধীন নয় বরং সব দেশই সেগুলো ভোগ করে তাকে কী বলে?
ⓚ জাতীয় সম্পদ
ⓚ সমষ্টিগত সম্পদ
ⓖ আন্তর্জাতিক সম্পদ
ⓖ প্রাকৃতিক সম্পদ

৩. অতিরিক্ত এক একক ভোগে যে অতিরিক্ত উপযোগ সৃষ্টি হয় তাকে বলে—
ⓚ মোট উপযোগ ⓚ প্রান্তিক উপযোগ
ⓖ উপযোগ ⓖ উপযোগের সমষ্টি

৪. উৎপাদনের পরিমাণ কীভাবে বাড়ানো যায়?
ⓚ বিনিয়োগের ⓚ আয়ের
ⓖ সঞ্চয়ের ⓖ মূলধনের

৫. 'দুধের স্বাদ ঘোলে মেটানো' এটি কী উপায়ে অভাব পূরণ?
ⓚ পরিপূরক ⓚ বিকল্প
ⓖ প্রতিযোগী ⓖ সহযোগী

৬. মাধ্যমিক দ্রব্য ও সেবা কী?
ⓚ মাঝামাঝি মূল্যের দ্রব্য ও সেবা
ⓚ স্বল্প মূল্যের দ্রব্য ও সেবা
ⓖ ভোগের উপযোগী হয়নি এমন দ্রব্য ও সেবা
ⓖ উচ্চ মূল্যের দ্রব্য ও সেবা

নিচের উদ্দীপকটি পড়ে ৭ ও ৯ নম্বর প্রশ্নের উত্তর দাও:

| দ্রব্যের একক | মোট উপযোগ (টাকায়) | প্রান্তিক উপযোগ (টাকায়) |
|---|---|---|
| ১ | ৫ | ৫ |
| ২ | ৯ | ৪ |
| ৩ | ১২ | □ |

৭. আমিনের ৩য় পেয়ারার প্রান্তিক উপযোগ কত?
ⓚ ৫ টাকা ⓚ ৪ টাকা
ⓖ ৬ টাকা ⓖ ৩ টাকা

৮. আমিনের উক্ত আচরণে—
i. স্বাভাবিক অবস্থা প্রকাশ পেয়েছে
ii. পেয়ারার প্রতি আকর্ষণ অপরিবর্তিত রয়েছে
iii. পেয়ারার প্রতি প্রান্তিক উপযোগ ক্রমান্বয়ে কমেছে
নিচের কোনটি সঠিক?
ⓚ i ⓚ ii ও iii
ⓖ i ও iii ⓖ i, ii ও iii

৯. কৃষিক্ষেত্রে ক্রমহ্রাসমান প্রান্তিক উৎপাদন বিধিতে কোন উপকরণ স্থির থাকে?
ⓚ শ্রমিক ⓚ ভূমি
ⓖ মূলধন ⓖ কৌশল

১০. কোনটি স্বল্পকালীন বাজারের দ্রব্য?
ⓚ গামছা ⓚ মাছ
ⓖ মোটর গাড়ি ⓖ কম্পিউটার

১১. কোন বাজারে বিক্রেতা ইচ্ছানুযায়ী দ্রব্যের দাম নিয়ন্ত্রণ করে?
ⓚ দুজন বিক্রেতার বাজার
ⓚ একচেটিয়া বাজার
ⓖ কয়েকজন বিক্রেতার বাজার
ⓖ পূর্ণপ্রতিযোগিতার বাজার

১২. জাতীয় আয়ে বিবেচনা করা হয় না এমন দ্রব্য—
i. মহাজনি সুদ
ii. দোকানদারের বাৎসরিক আয়
iii. কালোবাজারির অর্জিত অর্থ
নিচের কোনটি সঠিক?
ⓚ i ⓚ i ও ii
ⓖ i ও iii ⓖ i, ii ও iii

১৩. কেন্দ্রীয় ব্যাংকের প্রধান কাজ—
ⓚ ঋণদান করা
ⓚ বিনিময় হার ঠিক করা
ⓖ অর্থ স্থানান্তর করা
ⓖ মুদ্রা প্রচলন করা

১৪. বাংলাদেশে শিল্পোন্নয়ন হলে কৃষিক্ষেত্রে—
i. কৃষির জমি কমবে
ii. কৃষি উপকরণ কমবে
iii. প্রচ্ছন্ন বেকারত্ব কমবে
নিচের কোনটি সঠিক?
ⓚ i ⓚ ii
ⓖ iii ⓖ i, ii ও iii

Teachingbd24.com

১৫. বাংলাদেশের মতো দেশের বেকার সমস্যা সমাধানের জন্য প্রযোজ্য—
ক শিক্ষা ব্যবস্থা উন্নত করা
খ শিক্ষা ব্যবস্থায় পরিবর্তন আনা
গ কর্মসংস্থানের পরিমাণ বাড়ানো
ঘ পুরাতন কর্মচারী ছাঁটাই

১৬. দিয়াশলাই-এর উপর কোন শুল্কটি ধার্য করা হয়?
ক আবগারি খ আমদানি
গ ভ্যাট ঘ সম্পুরক

১৭. কেন্দ্রীয় পরিকল্পনা কোন ধরনের অর্থ ব্যবস্থার বৈশিষ্ট্য?
ক মিশ্র খ সমাজতান্ত্রিক
গ ইসলামি ঘ ধনতান্ত্রিক

১৮. মানুষ যখন সঞ্চিত অর্থ উৎপাদন কাজে ব্যবহার করে তখন তাকে কী বলে?
ক মোট উৎপাদন খ গড় উৎপাদন
গ বিনিয়োগ ঘ প্রান্তিক উৎপাদন

১৯. কাজী নজরুল ইসলামের প্রতিভাকে সম্পদ বলা যায় না কেন?
ক উপযোগ নেই বলে
খ বাহ্যিকতা নেই বলে
গ প্রাচুর্যতা নেই বলে
ঘ হস্তান্তরযোগ্যতা নেই বলে

২০. অবাধ অর্থনীতির মূল চাবিকাঠি কী?
ক চাহিদা ও যোগান খ সঞ্চয় ও বিনিয়োগ
গ উৎপাদন ও ভোগ ঘ ভোগ ও বিনিয়োগ

২১. সাধারণ অর্থে উৎপাদন কী?
ক কোন বস্তু সৃষ্টি করা
খ উপাদান বৃদ্ধি করা
গ বিক্রয়ের জন্য নিয়ে আসা
ঘ উৎপাদন সংগ্রহ করা

২২. দক্ষ ও কর্মক্ষম শ্রম মোট দেশজ উৎপাদনের জন্য কিরূপ হয়?
ক উৎপাদন স্থির রাখে
খ উৎপাদন বৃদ্ধিতে সহায়ক হবে
গ পূর্ব উৎপাদন ধরে রাখা
ঘ উৎপাদন হ্রাস করে

২৩. শ্রম বেচাকেনার প্রক্রিয়াকে কী বলে?
ক কারিগরি কাজ খ শ্রম বাজার
গ উৎপাদন ঘ বিক্রয় কেন্দ্র

২৪. চাহিদার যেকোনো পরিবর্তনের সাথে যোগানের যেকোনো পরিবর্তন সম্ভব—
i. অতি স্বল্পকালীন বাজারের দ্রব্য
ii. স্বল্পকালীন বাজারের দ্রব্য
iii. দীর্ঘকালীন বাজারের দ্রব্য
নিচের কোনটি সঠিক?
ক i খ ii
গ iii ঘ ii ও iii

২৫. জাতীয় আয় কয়ভাবে পরীক্ষা করা যায়?
ক পাঁচ ভাবে খ চার ভাবে
গ তিন ভাবে ঘ দুই ভাবে

২৬. বিদেশিরা বাংলাদেশে কর্মরত অবস্থায় যে অর্থ উপার্জন করে তার হিসাব কোথায় অন্তর্ভুক্ত হবে?
ক GNI তে খ CCAতে
গ GDI তে ঘ GDPতে

নিচের উদ্দীপকটি পড়ে ২৭ ও ২৮ নম্বর প্রশ্নের উত্তর দাও:
বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়ন ও মৌলিক অর্থনৈতিক সমস্যার সমাধান সম্ভব নয়। দেশের সার্বিক উদ্দেশ্যে কৃষির পাশাপাশি শিল্পের উন্নতি প্রয়োজন। বস্তুত আধুনিক বিশ্বের উন্নত দেশগুলোর দ্রুত শিল্পোন্নয়নের মাধ্যমেই উন্নতি লাভ করেছে।

২৭. আধুনিক বিশ্বের উন্নত দেশগুলো সমৃদ্ধি অর্জন করেছে কীসের মাধ্যমে?
ক কৃষির উন্নতির
খ জনসংখ্যা বৃদ্ধির
গ খনিজ সম্পদ উত্তোলনের
ঘ শিল্পের উন্নতির

২৮. বর্তমানে বাংলাদেশের দ্রুত বিকাশমান ও সম্ভাবনাময় শিল্প—
i. তৈরি পোশাক শিল্প
ii. কৃষিভিত্তিক শিল্প
iii. পাট শিল্প
নিচের কোনটি সঠিক?
ক i খ ii
গ iii ঘ i, ii ও iii

২৯. কোনটি ক্ষুদ্রায়তন শিল্প?
ক সাবান শিল্প খ বস্ত্র শিল্প
গ মৃৎ শিল্প ঘ কাগজ শিল্প

৩০. অর্থনৈতিক উন্নয়নের কেন্দ্রবিন্দু বলা হয় কাকে?
ক জনসংখ্যাকে খ উদ্যোক্তাকে
গ ভূমিকে ঘ মূলধনকে

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | ঘ | ২ | গ | ৩ | খ | ৪ | ক | ৫ | খ | ৬ | গ | ৭ | ঘ | ৮ | গ | ৯ | খ | ১০ | ক | ১১ | খ | ১২ | গ | ১৩ | ঘ | ১৪ | গ | ১৫ | খ |
| | ১৬ | ক | ১৭ | খ | ১৮ | গ | ১৯ | ঘ | ২০ | ক | ২১ | ক | ২২ | খ | ২৩ | খ | ২৪ | গ | ২৫ | গ | ২৬ | ঘ | ২৭ | ঘ | ২৮ | ক | ২৯ | ক | ৩০ | খ |

https://teachingbd24.com